গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদপ্তর

শৃঙ্খলা ও তদন্ত শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০১৯.২৬. ৭০৪

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

বিষয়: জনাব মিজ্ সুইট সাহা, ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ~~তেরখাদা~~ দাকোপ, খুলনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ০৬/২০২৬ তারিখ ২১/০৫/২০২৬)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মিজ্ সুইট সাহা, ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, দাকোপ, খুলনা এবং জনাব পার্থ সাহা, অফিস সহায়ক, উপজেলা সমাজসেবা কার্যালয়, রুপসা, খুলনা এর বিরুদ্ধে প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, তেরখাদা, খুলনা কর্মকালীন ৫ জন সুবিধাভোগীর এনআইডি ব্যবহার করে বিধি বহির্ভূতভাবে ঋণের অর্থ উত্তোলন করে সমুদয় অর্থ আত্মসাৎ করার বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা কর্তৃক অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, আনীত অভিযোগের বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য সহকারী পরিচালক (কার্যক্রম-২), সদর কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ২৩/০৪/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০০০.০৪২.২১.০০০৯.২৬.১৪০ সংখ্যাক স্মারক মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, প্রাথমিক তদন্তে আপনি জনাব মিজ্ সুইট সাহা, ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, দাকোপ, খুলনা এবং জনাব পার্থ সাহা, অফিস সহায়ক, উপজেলা সমাজসেবা কার্যালয়, রুপসা, খুলনা প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, তেরখাদা, খুলনা কর্মকালীন পরস্পর যোগসাজসে ৫ জন সুবিধাভোগীর এনআইডি ব্যবহার করে বিধি বহির্ভূতভাবে ক্ষুদ্রঋণের অর্থ উত্তোলন করে সমুদয় অর্থ জনাব পার্থ সাহা কে প্রদান করেন এবং তদন্ত প্রক্রিয়া শুরু হওয়ার পর জনাব পার্থ সাহা উক্ত অর্থ গ্রহণের দুই বছর পর সার্ভিস চার্জসহ সর্বমোট ২,৬২,৫০০/- (দুই লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদান করেন;

যেহেতু, আপনি অফিসের একজন গুরুত্বপূর্ণ পদে থেকে বিধি বহির্ভূতভাবে পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ না এমন কাজ করে আপনার দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মিজ্ সুইট সাহা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

২১/০৫/২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মিজ্ সুইট সাহা
ফিল্ড সুপারভাইজার
উপজেলা সমাজসেবা কার্যালয়, দাকোপ, খুলনা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০১৯.২৬. ৭০৪(১৬)

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ২২ ইএস টাওয়ার, ময়লাপোতা রোড, খুলনা।

৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সদর কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।

৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, দাকোপ, খুলনা।

৯. উপজেলা সমাজসেবা অফিসার, দাকোপ /তেরখাদা, খুলনা।

২১/০৫/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০

অভিযোগ বিবরণী

জনাব মিজ্ সুইট সাহা, ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, দাকোপ, খুলনা এবং জনাব পার্থ সাহা, অফিস সহায়ক, উপজেলা সমাজসেবা কার্যালয়, রূপসা, খুলনা প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, তেরখাদা, খুলনা কর্মকালীন পরস্পর যোগসাজসে ৫ জন সুবিধাভোগীর এনআইডি ব্যবহার করে বিধি বহির্ভূতভাবে ক্ষুদ্রঋণের অর্থ উত্তোলন করে সমুদয় অর্থ জনাব পার্থ সাহা কে প্রদান করেন এবং তদন্ত প্রক্রিয়া শুরু হওয়ার পর জনাব পার্থ সাহা উক্ত অর্থ গ্রহণের দুই বছর পর সার্ভিস চার্জসহ সর্বমোট ২,৬২,৫০০/- (দুই লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদান করেন।

তিনি অফিসের একজন গুরুত্বপূর্ণ পদে থেকে বিধি বহির্ভূতভাবে পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ না এমন কাজ করে তার দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

২১/৫/২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)